দৈনিক বাংলা দৈনিক বাংলা

তারিখ 01 NOV 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

যশোর বোর্ডের এসএসসির ফল প্রকাশ ঃ পাসের হার ৬০·৯৭

।। স্টাফ রিপোর্টার ।।

যশোর, ৩১ অক্টোবর।– যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চলতি বছরের এসএসসি পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ৬০.৯৭ ভাগ।

এবার তালিকাভুক্ত পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৯৮ হাজার ৫১৩ জন। এর মধ্যে অংশগ্রহণ করে ৯৬ হাজার ৬৮৫ জন পরীক্ষার্থী। মোট উত্তীর্ণের সংখ্যা ৫৮ হাজার ৯৫১ জন। এদের মধ্যে ৬ হাজার ৯৬৫ জন প্রথম বিভাগ, ২৫ হাজার ১৬২ জন দ্বিতীয় বিভাগ এবং ২৬ হাজার ৮২৪ জন, তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। সাধারণ বিজ্ঞান বিভাগে ৩৫ হাজার ২৬৩ জন পরীক্ষার্থী পরীক্ষা দেয়। এদের মধ্যে ২৬ হাজার ৪৩৩ জন পুরুষ এবং ৮ হাজার ৮৩০ জন মহিলা। এ বিভাগে ৫ হাজার ৮৩৪ জন প্রথম বিভাগে, ১৩ হাজার ৬০ জন দ্বিতীয় বিভাগে ও ৮ হাজার ২০৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। মোট উত্তীর্ণের সংখ্যা ২৭ হাজার ১০২ জন। পাসের শতকরা হার ৭৬.৮৫ ভাগ। সমাজ বিজ্ঞান বিভাগে (নিয়মিত ও অনিয়মিত) ৬১ হাজার ৪২২ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ১ হাজার ১৩১ জন প্রথম বিভাগ, ১২ হাজার ১০২ জন দ্বিতীয় বিভাগ, এবং ১৮ হাজার ৬১৬ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। মোট উত্তীর্ণের সংখ্যা ৩১ হাজার ৮৪৯ জন। এই বিভাগে নিয়মিত পুরুষ ও মহিলা পরীক্ষার্থীর সংখ্যা ছিল যথাক্রমে ৩৩ হাজার ১১৪ জন এবং ২১ হাজার ৩৫৭ জন। অনিয়মিত পুরুষ ও মহিলা পরীক্ষার্থীর সংখ্যা ৪ হাজার ৯৩৬ এবং ২ হাজার ১৫ জন। সমাজ বিজ্ঞান বিভাগে পাসের হার শতকরা ৫১.৮৫ ভাগ।

এবারকার পরীক্ষায় মোট পুরুষ পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৬৪ হাজার ৪৮৩ জন। এদের মধ্যে উত্তীর্ণ হয়েছে ৩৯ হাজার ৭৫৫ জন। পাসের হার ৬১.৬৫ ভাগ। মোট মহিলা পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩২ হাজার ২০২ জন। উত্তীর্ণ হয়েছে ১৯ হাজার ১৯৬ জন। পাসের হার শতকরা ৫৯.৬১ ভাগ।

দুইটি ক্যাডেট কলেজের প্রাধান্য

এবারকার এসএসসি পরীক্ষায় সাধারণ বিজ্ঞান শাখায় উত্তীর্ণদের মেধা–তালিকায় দুইটি ক্যাডেট কলেজের জয়জয়কার। মেধা তালিকায় ২০টি স্থান অধিকারী ৩৫ জন পরীক্ষার্থীর ২৬ জনই ঝিনাইদহ ও বরিশাল ক্যাডেট কলেজের। (শেষ পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

যশোর বোর্ডের

(প্রথম পৃঃ পর)

প্রথম স্থান অধিকারীসহ ১২ জন বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র হলেও ঝিনাইদহ ক্যাডেট কলেজ আবার এগিয়ে রয়েছে। দ্বিতীয় স্থান অধিকারীসহ মেধা তালিকার ১৪ জন ছাত্র ঝিনাইদহ ক্যাডেট কলেজের অন্যান্য স্কুলের মধ্যে খুলনা নিউজ প্রিন্ট মিলস্ মাধ্যমিক বিদ্যালয়ের দু'জন পরীক্ষার্থী ৩৫ জনের মধ্যে স্থান করে নিতে সক্ষম হয়েছে। বিভিন্ন জেলার জেলা স্কুলগুলির মধ্যে একমাত্র বরিশাল জেলা স্কুলের একজন ছাত্র এবার ৩৫ জনের মধ্যে স্থান পেয়েছে। অন্যান্য প্রসিদ্ধ স্কুল-গুলির ফলাফল মেধা–তালিকা অনু-যায়ী আশানুরূপ নয়।

গতবারের তুলনায়–

যশোর শিক্ষা বোর্ডের অধীন এবারের এসএসসি পরীক্ষায় গত-বারের তুলনায় পাসের হার প্রায় দ্বিগুণ। পরীক্ষার্থীর সংখ্যাও অনেক বেশী।

১৯৯০ সালে এই বোর্ডে এসএসসি পরীক্ষা পাসের হার ছিল ৩৩.৬৩ ভাগ। এবার তা প্রায় ৩০.৩৪ ভাগ বেড়ে ৬৪.৯৭ ভাগ হয়েছে। ৯০ সনে পরীক্ষা দিয়েছিল ৮৯ হাজার ৩৬৮ জন। এবার তার থেকে ৭ হাজার ৩১৭ জন বেশী পরীক্ষা দিয়েছে। এবারে প্রতিজন পরীক্ষার্থীকে গ্রেস মার্ক দেয়া হয়েছে ২৫ করে। এই জন্য পাসের গড় হার অনেক বেশী। বোর্ডের একজন কর্মকর্তা জানান আগামী বছর নতুন সিলেবাস অনুযায়ী পরীক্ষা হবে বিধায় এবার বেশী নম্বর গ্রেস দেয়া হয়েছে।